

15 March 2014, Page-Last



ড. মাহাথির মোহাম্মদ

ড. মাহাথির মোহাম্মদ দু'দিনের সফরে আজ ঢাকা আসছেন

□ কূটনৈতিক সংবাদদাতা
আধুনিক মালয়েশিয়ার রূপকার ও
দেশটির সাবেক প্রধানমন্ত্রী ড.
মাহাথির মোহাম্মদ দু'দিনের সফরে
আজ ঢাকা আসছেন। ইউনিভার্সিটি
অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড
সায়েন্সেস (ইউআইটিএস) এর
দ্বিতীয় সমাবর্তনে অংশ নিতেই তার
এবারের সফর। পররাষ্ট্র মন্ত্রণালয়
সূত্রে জানা গেছে, একটি ভাড়া করা
বিমানে চড়ে সকাল ১০টার দিকে
তিনি ঢাকায় হযরত শাহজালাল
আন্তর্জাতিক বিমান বন্দরে পৌঁছবেন।
বিকালে সমাবর্তন বক্তা হিসেবে
বঙ্গবন্ধু পৃঃ ১১ কঃ ১

ড. মাহাথির মোহাম্মদ

১২-এর পৃষ্ঠার পর

আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে গুরুত্বপূর্ণ ভাষণ দেবেন। ওই সমাবর্তনে প্রেসিডেন্ট ও
ইউনিভার্সিটির চ্যান্সেলর আবদুল হামিদ সভাপতিত্ব করবেন। বিকালে মাহাথির
দেশ-বিদেশি গণমাধ্যমের সঙ্গে মতবিনিময়ও করবেন। সন্ধ্যায় প্রধানমন্ত্রী শেখ
হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গণভবনে যাবেন। রোববার সকালেই
কুয়ালালামপুরের পথে তার রওনা হওয়ার কথা রয়েছে।
এর আগে গত বৃহস্পতিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) সাগর-রুনি
মিলনায়তনের মাহাথির মোহাম্মদের সফর এবং বিশ্ববিদ্যালয়টির সমাবর্তন নিয়ে এক
সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন ইউআইটিএসের ভিসি ড. মোহাম্মদ সামাদ। সংবাদ
সম্মেলনে তিনি জানান, শনিবার বেলা তিনটায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে
ইউআইটিএসের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠান হবে। এতে সমাবর্তন-বক্তা থাকবেন
মাহাথির মোহাম্মদ। সকাল সাড়ে ১০টায় তিনি ঢাকায় পৌঁছাবেন। বিকেলে
সমাবর্তনে যোগ দেবেন।

মোহাম্মদ সামাদ আরো জানান, মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রীর সম্মানে প্রধানমন্ত্রী
শেখ হাসিনা নৈশভোজের আয়োজন রেখেছেন। পরদিন রোববার সকাল নয়টায়
ঢাকা ত্যাগ করবেন মাহাথির মোহাম্মদ।

সংবাদ সম্মেলনে জানানো হয়, এবারের সমাবর্তনে ছয় হাজার ৮১ জন শিক্ষার্থী সনদ
পাবেন। ইঞ্জিনিয়ারিং থেকে সর্বোচ্চ সিজিপিএ অর্জনকারী আটজনকে চ্যান্সেলর, স্কুল
অব বিজনেস স্টাডিজ থেকে তিনজনকে ট্রাস্টি বোর্ড চেয়ারম্যান এবং স্কুল অব
লিবারেল আর্টস অ্যান্ড সোশ্যাল সায়েন্সেস থেকে চারজনকে ভাইস চ্যান্সেলর
স্বর্ণপদক দেয়া হবে।

ইউআইটিএস ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ও পিএইচপি গ্রুপের চেয়ারম্যান আলহাজ
সুফী মোহাম্মদ মিজানুর রহমান বলেন, একজন সাধারণ মানুষ কীভাবে অসাধারণ
হয়ে উঠতে পারে, তা শিক্ষার্থীদের সামনে তুলে ধরতে মাহাথির মোহাম্মদকে
সমাবর্তন অনুষ্ঠানে আনা হচ্ছে। এতে আমাদের শিক্ষার্থীরা আদর্শ জীবন গড়তে
দিকনির্দেশনা পাবেন বলে আশা প্রকাশ করেন তিনি। সংবাদ সম্মেলনে অন্যান্যের
মধ্যে ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি ড. কেএম সাইফুল ইসলাম খান, রেজিস্ট্রার
ড. আবদুল্লাহ আল মামুন চৌধুরী, ডিন ড. আফজাল আহমেদ প্রমুখ।